

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বৃত্তি বিজ্ঞপ্তি

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ৪২০

তারিখ : ১৬/১১/২০১৫ইং

নিম্নোল্লিখিত লেভেল, টার্ম এবং শিক্ষাবর্ষে অধ্যয়নরত সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে বোর্ড, কারিগরি এবং কম্পেনসেটরী বৃত্তির বিল ফরম যথাযথভাবে পূরণ করিয়া হল প্রভোস্ট এবং বিভাগীয় প্রধানের সুপারিশসহ কম্পট্রোলার অফিসের বৃত্তি শাখায় দাখিল করিতে হইবে।

বৃত্তির বিল ফরম-এ সোনালী ব্যাংক লিঃ, বুয়েট শাখার নিজ সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ করিতে হইবে। অন্য কোন ব্যাংক বা অন্য কোন ছাত্র-ছাত্রীর সঞ্চয়ী হিসাব নম্বর ব্যবহার কোনক্রমেই গ্রহণযোগ্য হইবে না।

লেভেল, টার্ম এবং শিক্ষাবর্ষ : লেভেল - ৪ টার্ম- ২, শিক্ষাবর্ষ - ২০১৩-২০১৪ইং।

(১) বোর্ড বৃত্তি :

ক) ট্যালেন্টপুল বৃত্তি : মাসিক টাঃ ৫৫০/- + এককালীন টাঃ ১২০০/- = বার্ষিক টাঃ- ৭৮০০/- টাকা।

খ) সাধারণ বৃত্তি : মাসিক টাঃ ২৫০/- + এককালীন টাঃ ৫০০/- = বার্ষিক টাঃ- ৩৫০০/- টাকা।

(২) কারিগরি বৃত্তি : মাসিক টাঃ ১৬০/- + এককালীন টাঃ ২৫০/- = বার্ষিক টাঃ- ২১৭০/- টাকা।

(৩) বুয়েট কম্পেনসেটরী বৃত্তি :

(ক) বোর্ড সাধারণ বৃত্তিদারীদের জন্য এককালীন বার্ষিক টাঃ ৫০০/- টাকা (ট্যালেন্টপুল বৃত্তিদারীদের বেলায় প্রযোজ্য নয়)।

(খ) কারিগরি বৃত্তিদারীদের জন্য মাসিক টাঃ ১৫২/৫০ টাকা + এককালীন নাই = বার্ষিক টাঃ ১৮৩০/- টাকা।

চলতি অর্থ বছর বা শিক্ষা বর্ষের মধ্যেই বৃত্তির টাকা উত্তোলন করিতে হইবে। পরবর্তীতে বৃত্তির টাকা উত্তোলনের সুযোগ নাই।

স্বা/-

(মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ)
কম্পট্রোলার

স্মারক নং প্রবি/কম্প/ছাহি/ব-১২/সি- ৪২০(১০০)

তারিখ : ১৬/১১/২০১৫ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১. রেজিস্ট্রার
২. সকল অনুষদের ডীন
৩. সকল বিভাগীয় প্রধান
৪. সকল হল প্রভোস্ট
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব
৬. সকল হল নোটিশ বোর্ড(সংশ্লিষ্ট হল কর্তৃক ব্যবস্থা নিবেন)
৭. বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।


(মোঃ সজিবুর রহমান)
ডেপুটি কম্পট্রোলার

moodle

প্রোগ্রাম, CSE